গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-১ শাখা।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০১৫.১৮.০২৭.২০০৬-৮৫৬ তারিখঃ ১৩/১০/২০১৪ খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

বিষয়: ট্রাভেল এজেন্সী নিবন্ধন ও নবায়নের জন্য ট্রাভেল এজেন্সী কর্তৃক ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'হলফনামা' দাখিল করা প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল ট্রাভেল এজেন্সীর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ অংশীদার/ চেয়ারম্যান এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩" এর আলোকে "বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪" ইতোমধ্যে প্রণীত হয়েছে। উক্ত আইন এর ৫(ঙ) ধারা অনুযায়ী ট্রাভেল এজেন্সী নিবন্ধন ও নবায়নের জন্য নিম্নোক্ত 'হলফনামা' প্রদানের বিধান রয়েছে :

> "ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না "।

০২। আইন অনুযায়ী 'হলফনামা' সাধারণত: নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করা হয়ে থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক ট্রাভেল এজেন্সী কর্তৃপক্ষ পদ্ধতি বহির্ভূতভাবে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের পরিবর্তে লেটারহেড প্যাডে 'হলফনামা' দাখিল করে ট্রাভেল এজেন্সী নিবন্ধনের জন্য আবেদন করছে ।

০৩। বর্ণিত অবস্থায়, "বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩" অনুযায়ী ট্রাভেল এজেন্সী নিবন্ধন ও নবায়নের জন্য সকল ট্রাভেল এজেন্সীকে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'হলফনামা' দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১(এক) পাতা।

১৩/১০/১৪
(মো: গোলাম সারওয়ার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৮৪০৪

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। যুগ্ম-সচিব (প্রশাসন/পর্যটন/নিয়ন্ত্রক(যুগ্ম-সচিব),হোটেল ও রেস্তোরাঁ সেল,বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
২। উপসচিব (প্রশাসন-১/পর্যটন-২/সিএ/সিএ-১/প্রশাসন-২/৩ অধিশাখা)
সহকারী নিয়ন্ত্রক (উপ-সচিব),হোটেল ও রেস্তোরাঁ সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব,বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব(বিমান)/ সিনিয়র সহকারী প্রধান (পরি-১)/ সহকারী প্রধান (পরি-২)
সহকারী সচিব (পর্য-১/সিএ-২),বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা(এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব(প্রশাসন ও পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
৭। যুগ্ম-সচিব(বিমান ও সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।
৮। মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)
সাত্তারা সেন্টার (১৬-তলা), ৩০/এ,নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা (সংশ্লিষ্ট সকল ট্রাভেল এজেন্সীর মধ্যে বহুল প্রচারের অনুরোধসহ)।

(৪) **"নিবন্ধন সনদ"** অর্থ ধারা ৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদ;

(৫) **"পরিবহন"** অর্থ আকাশ, নৌ, সমুদ্র বা সড়ক পথে পরিবহন;

(৬) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৭) **"ব্যক্তি"** অর্থ যে কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিবন্ধন কর্তৃপক্ষ।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধন কর্তৃপক্ষ নির্ধারণ করিতে পারিবে।

৪। **নিবন্ধন সনদ ব্যতীত ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠার উপর নিষেধাজ্ঞা।**—ধারা ৫ এর বিধান অনুসারে নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি, কমিশন বা সার্ভিস চার্জের বিনিময়ে, অন্য কোন ব্যক্তির ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের উদ্দেশ্যে ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে পারিবেন না।

৫। **নিবন্ধন সনদ ইস্যু, ইত্যাদি।**—(১) কোন ব্যক্তি ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে চাহিলে, নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে, যথা :—

(ক) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(গ) ব্যবসায়িক ঠিকানা;

(ঘ) কোম্পানি হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপি; এবং

(ঙ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন সনদ ইস্যু করিবে; অথবা

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে Bangladesh Travel Agencies (Registration and Control) Ordinance, 1977 (Ordinance No. XLVIII of 1977) এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি উহার কার্যক্রম অব্যাহত রাখিতে চাহিলে উক্ত ট্রাভেল এজেন্সিকে এই আইন কার্যকর হইবার ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিবন্ধনের জন্য উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী আবেদন করিতে হইবে।